জেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভার কার্যবিবরণী
জেলা ঃ রাজশাহী

সভাপতি ঃ এস. এম. আব্দুল কাদের
জেলা প্রশাসক, রাজশাহী
স্থান ঃ জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, রাজশাহী
তারিখ ঃ ১৩/১২/২০১৮ খ্রি.
সময় ঃ বেলা ১২.০০ ঘটিকা

আলোচনা - ১ঃ পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য সচিব জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করেন। গত সভার কার্যবিবরণী পাঠ শেষে কোন সংশোধনী না থাকায় সিদ্ধান্তসমূহ দৃঢ়ীকরণ করা হয়।

আলোচনা -২ ঃ ইউরিয়া, টিএসপি, ডিএপি ও এমওপি সারের মজুদ ও মূল্য পরিস্থিতি

উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী জানান যে, চলতি ডিসেম্বর/১৮ মাসের রাজশাহী জেলায় ৮২৯২ মে.টন ইউরিয়া, ২০৫০ মে.টন টিএসপি, ৪০৯৪ মে.টন এমওপি এবং ৫৬৪৪ মে.টন ডিএপি সার বরাদ্দ পাওয়া গেছে। অদ্য পর্যন্ত জেলায় বিসিআইসি সার ডিলার ও খুচরা সার বিক্রেতাদের নিকট ইউরিয়া মজুদ ২৭৮৫ মে.টন, উত্তোলনযোগ্য ইউরিয়া সারের পরিমাণ ৫৫৫৭ মে.টন; টিএসপি সারের মজুদ ১৪১৬ মে.টন, উত্তোলনযোগ্য টিএসপি সারের পরিমাণ ২৮২৬ মে.টন; এমওপি সারের মজুদ ২০৬৩ মে.টন, উত্তোলনযোগ্য এমওপি সারের পরিমাণ ৫০০৬ মে.টন এবং ডিএপি সারের মজুদ ২০৭৮ মে.টন ও উত্তোলনযোগ্য ডিএপি সারের পরিমাণ ৬৯৭১ মে.টন। অদ্য রাজশাহী বাফার গুদামে মজুদ আছে ১৪৩১০ মে.টন ইউরিয়া সারের মজুদ রয়েছে। বিএডিসি'র গুদামে টিএসপি ৩৩৪৭ মে.টন, এমওপি ২৬৩৩ মে.টন এবং ডিএপি ৩২৫৬ মে.টন সার মজুদ রয়েছে। জেলায় যথেষ্ট সার মজুদ থাকায় বর্তমানে সারের কোন সমস্যা নেই। কৃষক পর্যায়ে সরকার নির্ধারিত মূল্যে ইউরিয়া সার সর্বোচ্চ বস্তা প্রতি ৮০০/- টাকা, টিএসপি ১১০০/- টাকা, এমওপি ৭৫০/- টাকা এবং ডিএপি ১২৫০/- টাকা দরে বিক্রয় হচ্ছে। গত বছর এই দিনে বিভিন্ন সারের মজুদ ছিল ইউরিয়া ২৯০০ মে.টন, টিএসপি ১০৭৯ মে.টন, এমওপি ২৩৪৩ মে.টন এবং ডিএপি ১৬২৬ মে.টন। উন্মুক্ত আলোচনার মাধ্যমে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ সকল সার ডিলারগণকে সময়মত বরাদ্দের বিপরীতে টাকা জমা এবং অনুত্তোলিত সার দ্রুত উত্তোলন এবং সার উত্তোলনের সাথে সাথে আগমনী বার্তা সংশ্লিষ্ট দপ্তরে প্রদানের জন্য অনুরোধ জানানো হলো।

আলোচনা -৩ ঃ বাগমারা উপজেলায় সংরক্ষিত টিএসপি সার

উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য সচিব জানান, বাগমারা উপজেলায় ২০১০ সালে আউশ ধান চাষে কৃষকদের বিনামূল্যে রাসায়নিক সার সহায়তা কর্মসূচীর আওতায় মোট ১২৮১ জন কৃষকের(জন প্রতি ১০ কেজি) ২৫৬.২০ বস্তা(প্রতি বস্তা ৫০ কেজি) টিএসপি সার দির্ঘ্য ৮ বছর যাবত বিতরণ না হওয়ায় জমাটবাধা অবস্থায় উপজেলা পরিষদের পরিত্যাক্ত টিডিসি হলরুমে মজুদ রয়েছে। উক্ত টিডিসি ভবনের স্থানে কৃষক প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের জন্য জেলা কনডেমেশন কমিটি পরিত্যাক্ত ভবনটি অকেজ ঘোষনা করে নিলামের মাধ্যমে অপসারনের নির্দেশনা প্রদান করেন। এমতাবস্থায় মজুদকৃত টিএসপি সারের বিষয়ে জেলা সার ও বীজ মনিটরিং কমিটির মতামতের জন্য উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি, বাগমারা, রাজশাহী কার্যবিবরণী প্রেরণ করেন। উপস্থিত সদস্যগণের সাথে আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ বাগমারার টিএসপি সারের ব্যাপারে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের নিকট মতামত গ্রহনের বিষয়ে পত্র প্রেরনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এ বিষয়ে উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন।

আলোচনা -৪ ঃ বিএডিসি'র বীজ ডিলার হতে সার ডিলার হিসাবে নিবন্ধন

উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য সচিব জানান, উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি, মোহনপুর, রাজশাহী হতে ৩ জন বিএডিসি'র বীজ ডিলার হতে সার ডিলার হিসাবে নিবন্ধনের জন্য সুপারিশ পাওয়া যায়। উক্ত ০৩ জন বীজ ডিলারের মধ্যে উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি, মোহনপুর, রাজশাহী কেশরহাট এলাকার মেসার্স ফ্রেন্ডস ট্রেডার্স ও মেসার্স রুপসী বাংলা এন্টারপ্রাইজ-এই দুইজন ডিলারকে রায়ঘাটি ইউনিয়নে গুদামঘর নির্মান/ভাড়া করে ব্যবসা পরিচালনা করার পূর্বশর্ত আরোপ করে সংশ্লিষ্ট ডিলারগণকে সার ডিলার হিসাবে নিবন্ধনের জন্য সুপারিশ করেন। গত ১৯/০৮/২০১৮ তারিখের জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহীর সভায় সংশিষ্ট ডিলারগণের মধ্যে মেসার্স ফ্রেন্ডস ট্রেডার্স এবং মেসার্স রুপসী বাংলা এন্টারপ্রাইজ মোহনপুর উপজেলার রায়ঘটি ইউনিয়নে গুদামঘর/বিক্রয় কেন্দ্র নিশ্চিত করেছেন কি না সে বিষয়ে উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি, মোহনপুর রাজশাহীকে মতামত প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। তদপ্রেক্ষিতে উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি রায়ঘটি ইউনিয়নে সংশ্লিষ্ট ডিলারগণের গুদামঘর/বিক্রয় কেন্দ্র পরিদর্শন করেন এবং উক্ত ইউনিয়নে সার সরবরাহে বাধ্য থাকবে শর্তে নিবন্ধণ প্রদানের সুপারিশ করেছেন। উপজেলা কৃষি অফিসার, পুঠিয়া, রাজশাহী বলেন বর্তমানে যে পরিমান ডিলার রয়েছে তাদের মাঝে বরাদ্দ বিভাজনের ক্ষেত্রে খুবই কম পরিমান বরাদ্দ একজন ডিলার পেয়ে থাকেন, এমনকি কোন কোন সময় বস্তা হিসাবে বরাদ্দ প্রদান করতে হয়। এমতাবস্থায় আরও ডিলার বৃদ্ধি করা মানে ডিলার প্রতি আরও বরাদ্দ কম হবে, তাছাড়া এতগুলো ডিলার মনিটরিং করাও কষ্টসাধ্য ব্যাপার। সাধারণ সম্পাদক, বিএফএ, রাজশাহী বলেন ইতিপূর্বে অত্র সভায় নতুন করে আর কোন ডিলারের জন্য সুপারিশ না করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছিল, বিষয়টি বিবেচনার জন্য তিনি অনুরোধ জানান। আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ ১. (ক) মেসার্স চাষী খুশি বীজ বিতান, প্রোঃ মোঃ সাইফুল ইসলাম, বিক্রয় কেন্দ্র ঃ ধোপাঘাটা বাজার, মোহনপুর, রাজশাহী বীজ ডিলার লাইসেন্স নং ৫৯৭, (খ) মেসার্স ফ্রেন্ডস ট্রেডার্স, প্রোঃ মোঃ আশরাফুল আলম, বিক্রয় কেন্দ্র ঃ কামারপাড়া বাজার, রায়ঘটি, মোহনপুর, রাজশাহী বীজ ডিলার লাইসেন্স নং ৬৭৭ এবং (গ) মেসার্স রুপসী বাংলা এন্টারপ্রাইজ, প্রোঃ মোঃ আব্দুল জব্বার, বিক্রয় কেন্দ্র ঃ কামারপাড়া বাজার, রায়ঘটি, মোহনপুর, রাজশাহী বীজ ডিলার লাইসেন্স নং ৭৫০-কে সার ডিলার হিসাবে নিবন্ধনের জন্য সুপারিশ করা হলো।

২. রাজশাহী জেলার মোট ইউনিয়ন/পৌরসভার সংখ্যার চেয়ে বিএডিসি'র নিবন্ধিত সার ডিলারের সংখ্যা বেশি হওয়ায় সকল উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটকে নতুন করে আর কোন বিএডিসি'র বীজ ডিলারকে সার ডিলার হিসাবে নিবন্ধনের সুপারিশ না করার জন্য অনুরোধ জানানো হলো।

আলোচনা -৫ ঃ বাগমারা উপজেলার ০২জন বিএডিসি'র বীজ ডিলারের আবেদন

উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য সচিব জানান, যুগ্ম-পচালক(সার), বিএডিসি, রাজশাহী গত ০৬/১২/১৮ তারিখের ৬৫১ নং পত্রে জানিয়েছেন মেসার্স খন্দকার ট্রেডার্স, হাটগাঙ্গোপাড়া ও মেসার্স কৃষি বীজ বিপণী, নরদাশ বাজার, বিএডিসি'র বীজ ডিলার, বাগমারা, রাজশাহী ইতিপূর্বে সার ডিলার হিসাবে নিবন্ধনের আবেদন করায় বিগত ১৫/০৭/২০১৩ তারিখের জেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভায় সুপারিশ করা হয়। পরবর্তীতে তাঁরা নিবন্ধন গ্রহনে ব্যর্থ হন। বর্তমানে ডিলারদ্বয় নিবন্ধন গ্রহণে আগ্রহী উল্লেখ করে পুনঃরায় জেলা সার ও বীজ মনিটরিং কমিটির অনুমোদনের প্রত্যাশায় আবেদন জানিয়েছেন। উপজেলা কৃষি অফিসার, বাগমারা, রাজশাহী বলেন উক্ত ডিলারগণের বিষয়ে সে সময়ে সংশ্লিষ্ট এলাকায় সার বিতরণের সুবিধার্থে উপজেলা ও জেলা সার ও বীজ মনিটরিং কমিটি নিবন্ধনের বিষয়ে সুপারিশ করে। বর্তমানে ঐ এলাকায় সার বিতরণে কোন সমস্যা নাই। এ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ জেলা সার ও বীজ মনিটরিং কমিটির সুপারিশ দীর্ঘ্যদিন অতিবাহিত হওয়ায় এবং পেক্ষাপট পরিবর্তনের কারনে মেসার্স খন্দকার ট্রেডার্স, হাটগাঙ্গোপাড়া ও মেসার্স কৃষি বীজ বিপণী, নরদাশ বাজার, বিএডিসি'র বীজ ডিলার, বাগমারা, রাজশাহী সম্পর্কে বিগত ১৫/০৭/২০১৩ তারিখের জেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভায় সার ডিলার হিসাবে নিবন্ধনের জন্য করা সুপারিশ বাতিল করা হলো।

আলোচনা -৬ ঃ বিএডিসি'র বীজ বিক্রয়।

উপ-পরিচালক(বীজ বিপণন), বিএডিসি, রাজশাহী বলেন রবি মৌসুমের জন্য বিভিন্ন জাতের ২৭৫ মেঃটন বোরো ধান বীজ, ৮৮৪ মেঃটন গম, ১৭১৩ মেঃটন আলু, ২৫ মেঃটন সরিষা, ১২০ মেঃটন মসুর, ৩ মেঃটন ছোলা, ১ মেঃটন চীনাবাদাম এবং ১০ মেঃটন খেসারী বীজ এর মধ্যে ২৬০ মেঃটন ধান, ৬৫০ মেঃটন গম, ১২৯০.৭ মেঃটন আলু ৪০ মেঃটন সরিষা, ১০ মেঃন মসুর বীজ বিক্রয় করা হয়েছে। অবশিষ্ট বীজ বিক্রয়ের চেষ্টা চলছে। এ সকল বীজ বিক্রয়ের জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের নিকট সহযোগীতা কামনা করেন। এ বিষয়ে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

সিদ্ধান্ত ঃ বিএডিসি'র বীজ ডিলারগণকে সময়মত বীজ উত্তোলন করে উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি বরাবরে বীজের আগমনি বার্তা প্রদান করবেন ও সমুদয় বীজ বিক্রয়ের বিষয়ে উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি প্রয়োজনীয় সহযোগিতা করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

জেলা সার ও বীজ মনিটরিং কমিটির সদস্য সচিব জানান, তানোর উপজেলার বিএডিসি'র নিবন্ধিত সার ডিলার মেসার্স রকমারী ট্রেডার্সের স্বত্ত্বাধিকারী মোঃ আব্দুস সালাম শেখ গত ১০/০৯/২০১৮ তারিখে মৃত্যু বরণ করেন। উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি, তানোর, রাজশাহী গত ০৮/১১/২০১৮ তারিখের সভায় সংশ্লিষ্ট ডিলারের মালিকনা পরিবর্তন না হওয়া পর্যন্ত কৃষকের সার প্রাপ্তির সুবিধার্থে মেসার্স রকমারী ট্রেডার্সের অনুকুলে বরাদ্দকৃত সার তাঁর পাশ্ববর্তী ডিলার মেসার্স মান্নান ট্রেডার্সের অনুকুলে প্রদানের সিদ্ধান্ত গ্রহন করেছেন। উক্ত সিদ্ধান্ত অত্র সভায় অনুমোদন করা হলো। আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

এস. এম. আব্দুল কাদের
জেলা প্রশাসক, রাজশাহী
ও
সভাপতি
জেলা সার ও বীজ মনিটরিং কমিটি
রাজশাহী
ফোন ০৭২১-৭৭২০৫০(অফিস)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপ-পরিচালক এর কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,রাজশাহী

স্মারক নং ১২.১৭.৮১০০.০৪১.৪০.৭১৪.১২- ১৯২০(৫৫) তারিখ ঃ ২৭/১২/১৮ইং

বিতরণ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ

০১. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-১ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০২. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-২ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০৩. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-৩ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০৪. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-৪ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০৫. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-৫ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০৬. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-৬ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০৭. সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দৃষ্টি আকর্ষণ ঃ জনাব শেখ বদিউল আলম, কৃষি অর্থনীতিবিদ।
০৮. চেয়ারম্যান, বিসিআইসি, বিসিআইসি ভবন, দিলকুশা, বা/এ, ঢাকা-১০০০।
০৯. চেয়ারম্যান, বিএডিসি, কৃষি ভবন, ৪৯-৫১ দিলকুশা বা/এ, ঢাকা।
১০. পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।
১১. কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
১২. অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
১৩. জেলা প্রশাসক, রাজশাহী।
১৪. পুলিশ সুপার, রাজশাহী।
১৫. -৫৫.

....(কমিটির সকল সদস্য)
....
....

২৭/১২/১৮
উপ-পরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
রাজশাহী
ও সদস্য সচিব
জেলা সার ও বীজ মনিটরিং কমিটি
ফোন ০৭২১-৭৬১৫০৩
২৭.১২.১৮

I:\Monir\Monir\Seed Fert. Meetting\Seed & Farti. 2018-2019.doc